# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫

( ১৯৯৫ সনের ২১ নং আইন )

**আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন।**

যেহেতু আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক নামে একটি ব্যাংক প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রয়োগ**

১। (১) এই আইন আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেট দ্বারা, যে এলাকা নির্ধারণ করিবে সেই এলাকায় এই আইন প্রযোজ্য হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “ব্যাংক” অর্থ আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক;

(খ) “বোর্ড” অর্থ ব্যাংকের পরিচালনা বোর্ড;

(গ) “বাংলাদেশ ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ব্যাংক;

(ঘ) “চেয়ারম্যান” অর্থ বোর্ড এর চেয়ারম্যান;

(ঙ) “পরিচালক” অর্থ ব্যাংকের পরিচালক;

(চ) “ব্যবস্থাপনা পরিচালক” অর্থ ধারা ১১ এর অধীন নিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক;

(ছ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(জ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঝ) “রেঞ্জ” অর্থ আনসার অধিদপ্তর কর্তৃক ঘোষিত আনসার ও ভিডিপি রেঞ্জ;

(ঞ) “ব্যাংক কোম্পানী আইন” অর্থ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন);

(ট) "আনসার ও ভিডিপি সদস্য" অর্থ আনসার অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত তালিকার অন্তর্ভুক্ত আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যা।

**আইনের প্রাধান্য**

৩। আপাততঃ বলবত্ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদধীন প্রণীত বিধির বিধানাবলী কার্যকর থাকিবে।

**আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠা, ইত্যাদি**

৪। (১) এই আইন বলবত্ হইবার পর, যতশীঘ্র সম্ভব, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক নামে একটি ব্যাংক প্রতিষ্ঠা করা হইবে।

(২) ব্যাংক একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে, এবং এই আইন ও বিধির বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয়বিধ সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা উহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

(৩) উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে, ব্যাংক কোম্পানী আইন এবং ব্যাংক কোম্পানী সম্পর্কিত আপাততঃ বলবত্ অন্য কোন আইনের বিধান ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৪) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ব্যাংক কোম্পানী আইন অথবা ব্যাংক কোম্পানী সংক্রান্ত আপাততঃ বলবত্ অন্য কোন আইনের কোন বিধান ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে বলিয়া নির্দেশ জারী করিলে উক্ত বিধান ব্যাংকের ক্ষেত্রে কার্যকর হইবে।

**ব্যাংকের প্রধান কার্যালয়, ইত্যাদি**

৫। (১) ব্যাংকের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) ব্যাংক, বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে, বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে উহার আঞ্চলিক, অন্যান্য অফিস এবং শাখা স্থাপন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, ব্যাংকের ৯০% শাখা পল্লী এলাকায় স্থাপন করা হইবে।

**অনুমোদিত মূলধন**

৬। (১) ব্যাংকের অনুমোদিত মূলধন হইবে ১০০ (একশত) কোটি টাকা।

(২) অনুমোদিত মূলধন ১০০ (একশত) টাকা মূল্যমানের এক কোটি সাধারণ শেয়ারে বিভক্ত থাকিবে।

(৩) ব্যাংক, সরকারের অনুমোদনক্রমে, উহার অনুমোদিত মূলধন বৃদ্ধি করিতে পারিবে।

**পরিশোধিত মূলধন**

৭। (১) ব্যাংকের প্রারম্ভিক পরিশোধিত মূলধন হইবে ১০ (দশ) কোটি টাকা, যাহার ২৫% সরকার বা সরকারের পরিচালনা বা নিয়ন্ত্রণাধীন সংস্থা বা প্রতিষ্ঠান বা সংবিধিবদ্ধ সংস্থা কর্তৃক এবং ৭৫% আনসার ও ভিডিপি সদস্য, আনসার-ভিডিপি কর্মকর্তা ও কর্মচারী এবং ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক পরিশোধ করা হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নির্দিষ্টকৃত মূলধন ব্যাংকের শেয়ার ক্রয়ের মাধ্যমে পরিশোধ করা যাইবে।

(৩) আনসার ও ভিডিপি সদস্য, আনসার ও ভিডিপি কর্মকর্তা ও কর্মচারী এবং ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে শেয়ার ক্রয়, বিক্রয় ও হস্তান্তর সীমাবদ্ধ থাকিবে।

(৪) সরকার, সময় সময়, ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ বৃদ্ধি করিতে পারিবে।

**পরিচালনা ও প্রশাসন**

৮। (১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, ব্যাংকের পরিচালনা ও প্রশাসন এই আইনের অধীন গঠিত পরিচালনা বোর্ড এর উপর ন্যস্ত থাকিবে এবং ব্যাংক যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) যে কোন নীতিগত প্রশ্নে ব্যাংক সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করিবে এবং কোন বিষয় নীতিগত কি না সে সম্পর্কে প্রশ্ন দেখা দিলে উহাতে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(৩) ধারা ৯ এর অধীন প্রথম বোর্ড গঠিত না হওয়া পর্যন্ত ধারা ১১ এর নিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক বোর্ডের যাবতীয় ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিবে।

**বোর্ড**

৯। (১) নিম্নবর্ণিত পরিচালক সমন্বয়ে ব্যাংকের পরিচালনা বোর্ড গঠিত হইবে, যথা:-

(ক) চেয়ারম্যান;

(খ) সরকার কর্তৃক মনোনীত তিনজন:

তবে শর্ত থাকে যে, সরকারী কর্মকর্তার মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি অন্যুন যুগ্ম-সচিব পদমর্যাদা সম্পন্ন হইবেন;

(গ) প্রত্যেক রেঞ্জের আনসার ও ভিডিপি সদস্য শেয়ার হোল্ডারদের মধ্য হইতে নির্বাচিত দুইজন, যাহাদের মধ্যে একজন পুরুষ ও একজন মহিলা হইবেন;

(ঘ) ব্যবস্থাপনা পরিচালক।

(২) নির্বাচিত পরিচালকগণ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে আনসার ও ভিডিপি সদস্যদের দ্বারা তাহাদের মধ্য হইতে নির্বাচিত হইবেন।

(৩) পরিচালক পদের কার্যভার গ্রহণের তারিখ হইতে ৩ বত্সর পর্যন্ত কোন নির্বাচিত পরিচালক স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন:

তবে শর্ত থাকে যে, মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাহার স্থলাভিষিক্ত ব্যক্তি কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি পরিচালক পদে বহাল থাকিবেন।

(৪) উপ-ধারা (১)(খ) এর অধীন মনোনীত কোন পরিচালক মনোনয়নকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মেয়াদের জন্য পরিচালক পদে বহাল থাকিবেন।

(৫) কোন নির্বাচিত পরিচালকের পদ সাময়িকভাবে শূন্য হইলে উপ-ধারা (২) এ উল্লিখিত পদ্ধতিতে নির্বাচিত ব্যক্তি দ্বারা উক্ত শূন্য পদ পূরণ করা হইবে এবং উক্তরূপে নির্বাচিত পরিচালক তাহার পূর্বসূরীর অবশিষ্ট মেয়াদের জন্য পরিচালক পদে বহাল থাকিবেন।

**চেয়ারম্যান**

১০। (১) চেয়ারম্যান সরকার কর্তৃক নিযুক্ত হইবেন।

(২) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি বা অসুস্থতাহেতু বা অন্য কোন কারণে চেয়ারম্যান দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন পরিচালক চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

**ব্যবস্থাপনা পরিচালক**

১১। (১) ব্যাংকের একজন ব্যবস্থাপনা পরিচালক থাকিবেন।

(২) ব্যবস্থাপনা পরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরকৃত হইবে।

(৩) ব্যবস্থাপনা পরিচালক ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন।

(৪) ব্যবস্থাপনা পরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি বা অসুস্থতাহেতু বা অন্য কোন কারণে ব্যবস্থাপনা পরিচালক দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত সরকার কর্তৃক নির্ধারিত ব্যাংকের কোন কর্মকর্তা ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদন করিবেন।

**পরিচালকের দায়িত্ব**

১২। চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্য পরিচালকগণ প্রবিধান দ্বারা বা বোর্ড কর্তৃক নির্ধারিত ব্যাংকের দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদন করিবেন।

**পদত্যাগ**

১৩। চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক বা সরকার কর্তৃক মনোনীত কোন পরিচালক সরকারের নিকট তাহার স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন এবং নির্বাচিত যে কোন পরিচালক চেয়ারম্যানকে উদ্দেশ্য করিয়া তাহার স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

**সভা**

১৪। (১) বোর্ডের সকল সভা, উহার চেয়ারম্যানের নির্দেশে উহার সচিব কর্তৃক আহূত হইবে এবং সভার তারিখ, সময় ও স্থান চেয়ারম্যান কর্তৃক স্থিরকৃত হইবে।

(২) এই ধারার বিধান সাপেক্ষে, বোর্ডের সভার কার্যধারা প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

(৩) বোর্ডের সভার কোরামের জন্য উহার মোট সদস্য-সংখ্যার অন্যুন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত পরিচালকদের মধ্য হইতে তাহাদের দ্বারা নির্বাচিত, ব্যবস্থাপনা পরিচালক বাদে, অন্য একজন পরিচালক সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) শুধুমাত্র কোন পরিচালক পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তত্সম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৬) সভার কোন আলোচ্যসূচীতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন পরিচালকের ব্যক্তিগত স্বার্থ জড়িত থাকিলে তিনি বোর্ডের সভায় উক্ত বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ এবং ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন না।

**কমিটি**

১৫। বোর্ড উহার কাজের সহায়তার জন্য প্রয়োজনবোধে এক বা একাধিক কমিটি নিয়োগ করিতে পারিবে এবং উক্তরূপ কমিটির সদস্য সংখ্যা ও উহার দায়িত্ব ও কার্যধারা নির্ধারণ করিতে পারিবে।

**ব্যাংকের কার্যাবলী**

১৬। ব্যাংক আনসার ও ভিডিপি সদস্যগণকে জামানত লইয়া বা জামানত ব্যতিরেকে নগদে বা অন্য কোন প্রকারে গৃহ নির্মাণসহ সকল প্রকার অর্থনৈতিক কার্যক্রমের জন্য ঋণ প্রদান করিবে এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত